গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.gecp.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

তারিখ: ১৮.০৩.২০২৫ খ্রি.

স্মারক নং-সএক/ ৮৮৩

# ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা-এর মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ১৮.০৩.২০২৫ থেকে ১০.০৪.২০২৫ তারিখের মধ্যে ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions)-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করতে হবে। **প্রাথমিক আবেদন ফি বাবদ =৩০০/- (তিনশত) ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং (Biller ID-376) এ জমা দিতে হবে। এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত আবেদন ফরমের রোল নম্বর শিক্ষার্থীর বিল নম্বর হিসেবে ব্যবহার করতে হবে।** আবেদন ফরম, পে-স্লিপ, রিলিজ স্লিপ(প্রয়োজ্য ক্ষেত্রে),অনার্সের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, অঙ্গীকারনামা, প্রশংসাপত্রের ফটোকপিসহ আগামী ২২.০৩.২০২৫ তারিখ থেকে ১৩.০৪.২০২৫ তারিখ সকাল ১০:০০ থেকে বেলা ১.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

## দ্বিতীয় ধাপ

১ ভর্তির বিষয়সমূহ : **বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান এবং প্রাণিবিজ্ঞান।**

২। ভর্তির যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৮ ও তৎপরবর্তী সালসমূহে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতীতে ন্যূণতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতীতে ন্যূণতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত পরীক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক সম্মান পরীক্ষায় পাস ডিগ্রি প্রাপ্ত কোনো শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৮ ও তৎপরবর্তী সালসমূহে প্রথম পর্ব মাস্টার্স (নিয়মিত)/ প্রিলিমীনারী টু মাস্টার্স নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতীতে ন্যূণতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূণতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট ৩ বছর মেয়াদি স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূণতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূণতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে ১বছর মেয়াদী প্রিলিমীনারী টু মাস্টার্স প্রাইভেট/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) কোনো শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৩। সাধারণ নির্দেশনা :

ক) ১৮.০৩.২০২৫ তারিখ থেকে ১০.০৪.২০২৫ তারিখের মধ্যে ভর্তি বিষয়ক website (www.nu.ac.bd/admissions) এ ভর্তির প্রাথমিক আবেদন ফরম প্রিন্ট করে প্রয়োজনীয় ফিসহ ১৩.০৪.২০২৫ তারিখ দুপুর ১টার মধ্যে ভর্তি কমিটির নিকট অবশ্যই জমা দিতে হবে।

খ) সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা জাতীয় বিশ্বাবদ্যালয় কর্তৃক সরাসরি বাতিল হবে।

গ) ভর্তির আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিলসহ এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। (ভর্তির সকল কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৩.০৩.২০২৫ তারিখের স্মারক ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২২-২০২৩/ ৫৩১০) পুরোপুরি অনুসরণ করা হবে।

| ৪। On-Line এ ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয় : | | |
|---|---|---|
| ক) | লগইন (Login) | আবেদনকারীদের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) এ গিয়ে Masters tab-এ গিয়ে Apply Now (Masters Reg) অপশনে গিয়ে ক্লিক করতে হবে এবং website এ প্রদর্শিত তথ্য ছকে সঠিকভাবে এন্ট্রি |
| খ) | কলেজ পছন্দ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী যে কোন ০১ টি প্রতিষ্ঠান/কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে অধিভুক্ত স্নাতকোত্তর শেষ পর্ব (নিয়মিত) কোর্সসমূহের নাম, বিষয়সমূহ ও আসন সংখ্যা দেখতে পাবে। |

| | | |
|---|---|---|
| গ) | বিষয় পছন্দ | আবেদনকারীকে website এর তথ্য ছকে পছন্দ অনুযায়ী একটি প্রতিষ্ঠান/কলেজের নাম ও বিষয় Select করতে হবে। |
| ঘ) | রিলিজ স্লিপের ক্ষেত্রে | ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে ০৩ টি কলেজে বিষয় ভিত্তিক আবেদন করতে হবে। |
| ঙ) | কোটা | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/পোষ্য/প্রতিবন্ধী (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে) কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| চ) | ছবি সংযোজন | আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120 x 150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50kb. |
| ছ) | ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহ আবেদন ফরম পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। ফরমটি On-Line এ submit করা হলে আবেদনকারীর নাম, রোল নম্বর, পিনকোড, কলেজের নাম ও নির্বাচিত বিষয়ের নামসহ একটি নতুন ফরম website এ দেখা যাবে। আবেদনকারীকে উক্ত ফরমটি Download করে [A4(8.5˝x 11˝) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। |
| জ) | কলেজে ফরম জমা ও ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে প্রার্থীর স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও On-Line এ ভর্তির আবেদন ফি বাবদ মোট ৩০০/- (তিনশত) টাকা সহ কলেজে ২২.০৩.২০২৫ হতে ১৩.০৪.২০২৫ তারিখ দুপুর ১টার মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমটির ২য় অংশ কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরৎ দেয়া হবে। যখনই কলেজ শিক্ষার্থীর আবেদন On-Line এ নিশ্চয়ন করবে তখন শিক্ষার্থী SMS এর মাধ্যমে তা জানতে পারবে। |
| জ) | পূরণকৃত আবেদন ফরমের ক্রটি সংশোধন | আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন শিক্ষার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ক্রটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Masters Applicant`s Login অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে এবং একই সংগে ই-মেইলে On Time Password (OTP) পাবে। এই (OTP) ব্যবহার করে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সতর্কতার সঙ্গে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে তা বাতিল করা যাবে না।<br>* শিক্ষার্থী ফরম/ছবি বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে।<br>*১৫.০৪.২০২৫ তারিখে সকাল ১০:০০ টার মধ্যে নিশ্চয়নের SMS কোন প্রার্থীর মোবাইলে না গেলে ভর্তি কমিটির সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে। |

৫। **ভর্তির প্রাথমিক আবেদনের ফলাফল :**

ক) ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের কোন মেধা তালিকা দেয়া হবে না। মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে ০৩ টি কলেজে বিষয় ভিত্তিক আবেদন করতে হবে।

## দ্বিতীয় ধাপ

৬। মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য :

| | | |
|---|---|---|
| ক) | লগইন (Login) | মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীকে আবেদন ফরমে উল্লিখিত রোল নম্বর ও পিন কোড সঠিকভাবে এন্ট্রি করে Login করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত বিষয়, কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ একটি ভর্তি ফরম website এ প্রদর্শিত হবে। এ পর্যায়ে চূড়ান্ত ভর্তি ফরমে শিক্ষার্থীর অভিভাবকের নাম, বার্ষিক আয়, স্থায়ী ও বর্তমান ঠিকানাসহ কিছু তথ্য সংযোজন করতে হবে। [ বি: দ্র: আবেদন ফর্মে বিষয়ের কোর্স কোড প্রয়োজন হলে আবেদনকারী সংশ্লিষ্ট বিভাগ থেকে কোর্স কোড সংগ্রহ করে ফর্মে সংযুক্ত করবে।] |
| খ) | আবেদন ফরমের প্রিন্ট | সঠিক তথ্যসহ ভর্তির আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম website এ দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি [A4(8.5˝x 11˝) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। পরবর্তীকালে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| গ) | কলেজে ফরম জমা | আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক (সম্মান)/স্নাতক (পাস), স্নাতকোত্তর ১মপর্ব (নিয়মিত) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীল সহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরৎ দিবে। |
| ঘ) | কোটার ফলাফল | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার তালিকা প্রকাশ করা হবে এবং website থেকে ভর্তির আবেদন ফরম পূরণ করে কলেজে জমা দিতে হবে। |

...লেজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য :

| | | |
|---|---|---|
| ...কল শিক্ষার্থী ক) আবেদন ফরম পূরণ করেও মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হয়নি গ) ...র্তি বাতিল করেছে, সে সকল শিক্ষার্থী রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। | | |
| ক) | লগইন (Login) | রিলিজ স্লিপে আবেদনের জন্য শিক্ষার্থীকে রোল নম্বর ও পিন কোড সঠিকভাবে এন্ট্রি করে Login করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম website এ প্রদর্শিত হবে। |
| খ) | কলেজ ও বিষয় নির্ধারণ | রিলিজ স্লিপের আবেদন ফরমের College Option এ গিয়ে আবেদকারী তার পছন্দ অনুযায়ী প্রতিষ্ঠান/কলেজ সিলেক্ট করলে ঐ প্রতিষ্ঠান/কলেজের বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার প্রার্থীত বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী সর্বোচ্চ তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিতে পারবে। |
| গ) | আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহ আবেদন ফরম পূরণ করে প্রথমে Save করে On-Line এ submit করলে আবেদনকারীর নাম, রোল নম্বর, পিন কোড, প্রতিষ্ঠান/কলেজের নাম ও নির্বাচিত বিষয়ের নামসহ একটি নতুন ফরম website এ দেখা যাবে। আবেদনকারীকে উক্ত ফরমটি Download করে [A4(8.5″x 11″) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে এবং এটি সংশ্লিষ্ট কলেজসমূহে জমা দিতে হবে না। |
| ঘ) | রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিল করণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরও যদি কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে প্রতিষ্ঠান/কলেজের নাম পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Cancel Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উলিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে এবং একই সংগে ই-মেইলে On Time Password (OTP) পাবে। এই (OTP) ব্যবহার করে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিল করতে পারবে এবং নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সতর্কতার সঙ্গে আবেদন ফরমে সংযোজন করতে হবে।<br>* শিক্ষার্থী রিলিজ স্লিপের ফরম বাতিলের সুযোগ পাবে মাত্র একবারই । |
| ঙ) | চূড়ান্ত ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি | কোন শিক্ষার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত প্রতিষ্ঠান/কলেজে বিষয় বরাদ্দ পেলে তাকে website থেকে ভর্তির চূড়ান্ত ফরম প্রিন্ট করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে শিক্ষার্থীর স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রতিষ্ঠান/কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরৎ দিবে। |
| ৮। | ভর্তির তারিখ, ভর্তি ফি (কলেজ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাওনাদি) পরবর্তী বিজ্ঞপ্তিতে জ্ঞাত করা হবে। | |

প্রতিস্বাক্ষর

(প্রফেসর . মো.আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

আহবায়ক
প্রফেসর মো: বেলাল হোসেন
মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কমিটি-(২০২২-২৩)
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/ ৬৬০/২৪

তারিখ: ১৮.০৩.২০২৫ খ্রি.

**অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো :**

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২০। আহ্বায়ক, ওয়েবসাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২১। এরিয়া ম্যানেজার, ডাচ্‌ বাংলা ব্যাংক লিমিটেড, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
২২। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২৩। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
২৪। অফিস নথি।

18.03.2025
আহবায়ক
প্রফেসর মো: বেলাল হোসেন
মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কমিটি-(২০২২-২৩)
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা